

## বিমানের যাত্রীসেবার উন্নয়নে ৮৪ জন গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্টেন্ট নিয়োগ

- A Monitor Desk Report

Date: 20 April, 2024



ঢাকা: বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের চলমান যাত্রীসেবার উন্নয়ন ও গ্রাউন্ড হ্যান্ডেলিং সক্ষমতা বাড়ানোর জন্য ৮৪ জন গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্টেন্ট নিয়োগ দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (১৮ এপ্রিল) বিমানের প্রধান কার্যালয় বলাকায় আনুষ্ঠানিকভাবে নতুন ৮৪ জন গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্টেন্টদের নিয়োগপত্র দেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আজিম।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পরিচালক (গ্রাহক সেবা) মো. মতিউল ইসলাম চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিমানের পরিচালকরাসহ বিভিন্নস্তরের কর্মকর্তা ও কর্মচারীরা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শফিউল আজিম বলেন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের যাত্রীসেবার ক্রমাগত উন্নতি ও গ্রাউন্ড হ্যান্ডেলিংয়ের সক্ষমতা বাড়াতে নতুন নিয়োগপ্রাপ্ত গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্টেন্টরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি নতুন নিয়োগপ্রাপ্তদের সততা, কর্মদক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের নির্দেশ দেন।

শফিউল আজিম বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও দায়িত্ব গ্রহণ করার পরে গত এক বছরে বিমানের বিভিন্ন পদে ১ হাজার ১০০ জনকে নিয়োগ দেওয়া হয়েছে এবং ৫৫০ জনের নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া গ্রাউন্ড হ্যান্ডেলিংয়ের সক্ষমতা বাড়ানোর জন্য আনুমানিক ১ হাজার কোটি টাকার ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে।

-B